

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
২৩-২৪, বিএফডিসি ভবন
কারওয়ান বাজার, ঢাকা।
www.flid.gov.bd


মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের “তথ্য অধিকার আইন বিষয়ে”


কারওয়ান বাজার ও ফার্মগেট এলাকায় জনসচেতনতামূলক লিফলেট বিতরণ

তথ্য অধিকার আইন বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার বিষয়ক ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনার ১.৫ এ বর্ণিত কাজের অংশ হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর আজ (রোববার) ১১ জুন ২০২৩ খ্রিস্টাব্দে কারওয়ান বাজার ও ফার্মগেট এলাকায় লিফলেট বিতরণ করে।

তথ্য অধিকার আইন বিষয়ক এ প্রচার কার্যক্রম কারওয়ান বাজার এলাকায় সকাল ১০.০০ টায় শুরু হয়ে ফার্মগেট ও আশেপাশের এলাকায় দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত চলে। তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) জনাব ডা. মো. এনামুল কবির এর নেতৃত্বে প্রচার কার্যক্রমে অংশগ্রহণ করেন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান কার্যালয়ের মোট ১০ জন কর্মকর্তা-কর্মচারী। সরকারি অফিস থেকে এ ধরনের উপকারি লিফলেট বিতরণ দেখে উচ্ছ্বসিত হন উপস্থিত জনতা। তারা এ ধরনের লিফলেট পেয়ে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ভূয়সী প্রশংসা করেন।

কারওয়ান বাজারের মো. ইসমাইল হোসেন নামে একজন ব্যবসায়ী বলেন, সরকারি অফিস থেকে তথ্য পাওয়ার উপায় সম্পর্কে এই প্রথম লিফলেট পেলাম। লিফলেট এর মাধ্যমে জানতে পারলাম সহজে কিভাবে ঘরে বসে যে কোন সরকারি অফিস থেকে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। এ প্রক্রিয়া সম্পর্কে আমি এর আগে জানতাম না। এ ধরনের প্রচার কার্যক্রম জনগণের কল্যাণের জন্য সহায়ক হবে। তথ্য দপ্তরের এ ধরনের কাজকে আমি ধন্যবাদ জানাই। ফার্মগেট এলাকার বাসিন্দা মো. সুজন বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের এ ধরনের প্রচার কার্যক্রমের ফলে তথ্য অধিকার আইন সম্পর্কে জনগণ আরো বেশি জানতে পারবে, ফলশ্রুতিতে সরকারি কাজে আরো জবাবদিহিতা আসবে। এতে দেশ আরো এগিয়ে যাবে। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের এ ধরনের জনসচেতনতামূলক কার্যক্রমকে আমি ধন্যবাদ জানাই।


(মো. সামছুল আলম)
গণযোগাযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।


(ডা. মো. এনামুল কবির)
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

